



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/29/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল স্কুলের প্রযুক্তি এবং নিরাপত্তা বৃদ্ধির জন্য 13.2 মিলিয়ন ডলারের ঘোষণা
করেছেন

স্মার্ট স্কুলস রিভিউ বোর্ড কর্তৃক অনুমোদিত 48টি বিনিয়োগের পরিকল্পনাসমূহ

**2 বিলিয়ন ডলারের স্মার্ট স্কুলস বন্ড আইন শ্রেণীকক্ষের প্রযুক্তি, স্কুল সংযোগ ও উচ্চ-
প্রযুক্তির নিরাপত্তা সমর্থন করে**

গভর্নর ক্যাথি হোকল আজ 48টি স্মার্ট স্কুলস বিনিয়োগের পরিকল্পনার অনুমোদনের ঘোষণা
করেছেন যা একটি ক্রমবর্ধমান যুগে শিক্ষার পুনর্নির্মাণ এবং স্কুলের নিরাপত্তা বাড়ানোর উপর
দৃষ্টি নিবদ্ধ করে। মোট 13.2 মিলিয়ন ডলারের এসব অনুমোদিত পরিকল্পনা 2 বিলিয়ন ডলারের
স্মার্ট স্কুলস বন্ড আইনের অংশ, যেটি একটি সুদূরপ্রসারী শিক্ষার প্রযুক্তির কর্মসূচি।

"আমাদের শিশুদের শিক্ষায় বিনিয়োগ শুধুমাত্র ব্যক্তিগত সাফল্যের ভিত্তি তৈরি করার জন্য নয়,
বরং আমাদের ভবিষ্যতের নেতারা নিউ ইয়র্ককে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য প্রস্তুত আছে তা
নিশ্চিত করার জন্য গুরুত্বপূর্ণ।" **গভর্নর হোকল বলেছেন।** "স্মার্ট স্কুলস বন্ড অ্যাক্ট
শিক্ষার্থীদের নিরাপদ, সুরক্ষিত এবং শিক্ষামূলক পরিবেশ প্রদান করে সেই প্রচেষ্টায় নিউ ইয়র্ক
স্টেট জুড়ে স্কুলগুলিকে সমর্থন করে।"

স্কুলের ডিস্ট্রিক্টগুলি এবং স্পেশাল এডুকেশন স্কুলগুলির জমা দেওয়া বিনিয়োগের
পরিকল্পনাসমূহ বিবেচনা করার জন্য স্মার্ট স্কুলস রিভিউ বোর্ড সম্প্রতি 20 তম বারের মতো
বৈঠক করেছে। বোর্ডটি নিউ ইয়র্ক স্টেট বাজেটের ডিরেক্টর, নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির
চ্যান্সেলর এবং নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের কমিশনার নিয়ে গঠিত।

বোর্ড কর্তৃক অনুমোদিত পরিকল্পনাগুলো 45টি স্কুল ডিস্ট্রিক্ট এবং একটি বিশেষ শিক্ষার স্কুল
কর্তৃক জমা দেওয়া হয়েছিল। প্রকল্পগুলির মধ্যে রয়েছে উচ্চ-প্রযুক্তির নিরাপত্তার জন্য 7.9
মিলিয়ন ডলার, শ্রেণীকক্ষ প্রযুক্তির জন্য 4.7 মিলিয়ন ডলার, স্কুল সংযোগের জন্য 356,000,
ডলার এবং অপাবলিক স্কুলের শ্রেণীকক্ষ প্রযুক্তি এবং স্কুলের সংযোগের জন্য \$275,000 ডলার।
পরিকল্পনাগুলোর একটি সারসংক্ষেপ [এখানে](#) উপলব্ধ।

বোর্ড কর্তৃক অনুমোদিত বিনিয়োগগুলি রাজ্যব্যাপী শ্রেণীকক্ষ এবং স্কুলের নিরাপত্তার আধুনিকীকরণে সহায়তা করে। স্মার্ট স্কুলস বন্ড অ্যাক্ট দ্বারা সমর্থিত উচ্চ-প্রযুক্তির সুরক্ষার সরঞ্জামগুলির মধ্যে রয়েছে প্রবেশ নিয়ন্ত্রণের ব্যবস্থা, ভিডিও সিস্টেম এবং জরুরী শ্রেণীকক্ষের বিজ্ঞপ্তির ব্যবস্থা। এই আপগ্রেডগুলি নিউ ইয়র্কের স্কুলগুলির নিরাপত্তা বৃদ্ধি করবে, যা শিক্ষার্থীরা যাতে নিরাপদ পরিবেশে শিখতে সক্ষম হয় তা নিশ্চিত করতে সাহায্য করবে।

স্মার্ট স্কুলস বন্ড আইন দ্বারা সমর্থিত নতুন প্রযুক্তির ক্রয়গুলির মধ্যে রয়েছে কম্পিউটার সার্ভার, ইন্টারেক্টিভ হোয়াইটবোর্ড, ট্যাবলেট, ডেস্কটপ এবং ল্যাপটপ কম্পিউটার এবং উচ্চ-গতির ব্রডব্যান্ড ও ওয়্যারলেস সংযোগ। এই টুলগুলি শিক্ষার্থীদের নতুন তথ্য বোঝার বিভিন্ন উপায় প্রদান করবে, শ্রেণীকক্ষের ভিতরে এবং বাইরে উভয় ক্ষেত্রেই শিক্ষার্থীদের শেখা প্রসারিত করবে এবং অভিভাবক-শিক্ষক যোগাযোগকে উন্নীত করবে।

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ বাজেটের ডিরেক্টর রবার্ট মেগনা বলেছেন, "স্মার্ট স্কুলস বন্ড অ্যাক্ট নিউ ইয়র্কের সব চেয়ে উজ্জ্বল সম্পদ, আমাদের শিক্ষার্থীদের, তাদের প্রয়োজনীয় সরঞ্জাম এবং সহায়তা পেতে নিশ্চিত করে। নিউ ইয়র্ক স্টেট স্কুলগুলিতে কৌশলগত বিনিয়োগ নিউ ইয়র্কের ভবিষ্যতের একটি বিনিয়োগ।"

রাজ্যের শিক্ষার কমিশনার বেটি এ. রোসা বলেছেন, "স্মার্ট স্কুলস বন্ড অ্যাক্টের বিনিয়োগগুলি পদ্ধতি নির্বিশেষে শিক্ষার্থীদের শেখার কাজে নিয়োজিত করার প্রযুক্তি প্রদানের জন্য এবং তাদের স্কুলের সম্প্রদায়ের মধ্যে তাদের সুরক্ষিত রাখতে নিরাপত্তার ব্যবস্থা উন্নত করতে গুরুত্বপূর্ণ। এই তহবিল আমাদের রাজ্যের প্রতিটি শিক্ষার্থীর উচ্চ মানের শিক্ষার সমান অ্যাক্সেস রয়েছে তা নিশ্চিত করার জন্য আমাদের প্রতিশ্রুতিতে গুরুত্বপূর্ণ।"

SUNY চ্যান্সেলর জন বি. কিং, জুনিয়র বলেছেন, "আমাদের শিক্ষার্থীদের ক্লাসরুমে সফল হওয়ার জন্য তাদের জন্য আধুনিক প্রযুক্তিতে অ্যাক্সেস থাকা অপরিহার্য। প্রযুক্তি ক্রমাগত বিকশিত হচ্ছে এবং আমাদের আধুনিক সমাজের প্রায় প্রতিটি ক্ষেত্রেই এটি অন্তর্নিহিত। স্মার্ট স্কুল বন্ড অ্যাক্টের মাধ্যমে, সব চেয়ে আপ-টু-ডেট প্রযুক্তি অ্যাক্সেস করার মাধ্যমে, আমাদের শিক্ষার্থীরা কোথায় এবং কীভাবে শিখবে তা বিস্তৃত করতে সক্ষম হবে, সেই সাথে শিক্ষার প্রযুক্তিগত বিভাজন বন্ধ করে দেবে।"

2014 সালে, নিউ ইয়র্ক স্টেট একটি স্মার্ট স্কুলস বন্ড আইনের মাধ্যমে তার স্কুলগুলিতে 2 বিলিয়ন ডলারের বিনিয়োগ করে - যা একটি উদ্যোগ যা শিক্ষাগত প্রযুক্তি এবং পরিকাঠামোতে অর্থের যোগান দেয় যা শিক্ষার্থীদের 21 শতকের অর্থনীতিতে সফল হতে এবং প্রতিদ্বন্দ্বিতা করতে প্রয়োজনীয় সাম্প্রতিকতম প্রযুক্তি ও সংযোগের ব্যবস্থা ব্যবহারের অধিকার প্রদান করে। সেই নভেম্বর মাসে ভোটাররা স্মার্ট স্কুলস বন্ড আইনে অনুমোদন দেওয়ার সময় নিউ ইয়র্কবাসীরা সম্মত হন।

বন্ড আইনের প্রস্তাবের পরে, স্কুলগুলি কিভাবে বন্ডের তহবিল সব থেকে কার্যকরভাবে বিনিয়োগ করতে পারে তার কৌশলগুলি সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য স্মার্ট স্কুলস কমিশন প্রতিষ্ঠিত হয়। এই উপদেষ্টা কমিশন শক্তিশালী ব্রডব্যান্ডের ও ওয়্যারলেস সংযোগের ব্যাপক সম্প্রসারণ এবং

পরিবর্তনকারী প্রযুক্তিগুলি ব্যবহারের উপর মনোনিবেশ করার সুপারিশ করে। স্মার্ট স্কুলস রিভিউ বোর্ড কর্তৃক আজ অনুমোদিত হওয়া পরিকল্পনাগুলো এই কমিশনের চিহ্নিত করা অনেকগুলো সেরা রীতির প্রতিফলন ঘটাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)